# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

**স্মারক নং ঃ সিশিবো/পনি/উমা-০৫/২০২১/৪২৫** **তারিখ ঃ** ০৮ চৈত্র, ১৪২৭ / ২২ মার্চ, ২০২১

## বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট -এর আওতাভুক্ত প্রাইভেট পরীক্ষার জন্য নির্ধারিত কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১ সালের এইচ এস সি পরীক্ষায় অত্র শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণে ইচ্ছুকদের জন্য প্রযোজ্য নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো-

১. **প্রাইভেট পরীক্ষার্থী** ঃ ২০১৬ সাল বা তার পূর্বে এস এস সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীরা ২০২১ সালের এইচ এস সি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

২. পাঠ্যসূচিঃ প্রাইভেট পরীক্ষার্থীরা ২০২১ সালের পাঠ্যসূচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩. **নির্বাচনী পরীক্ষা** ঃ পুলিশ, প্রতিরক্ষাবাহিনীতে চাকুরীরত ব্যক্তি, একাধিক্রমে ০৩(তিন) বৎসর শিক্ষকতা পেশায় কর্মরত শিক্ষকগণ এবং শারীরিক কিংবা দৃষ্টি প্রতিবন্ধী ব্যতীত সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪. **শাখা ও বিষয়সমূহ** ঃ প্রাইভেট পরীক্ষার্থীরা কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে এবং যে সমস্ত বিষয়ে ব্যাবহারিক পরীক্ষা আছে সে সমস্ত বিষয় নিতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীরা ৪র্থ (চতুর্থ) বিষয় নিতে পারবে না।

৫. শিক্ষা বোর্ডে কর্মরত কোন কর্মচারী নিজ শিক্ষা বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে তারা ইচ্ছা করলে নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬. **সময়সূচি** ঃ

| ক্রমিক | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীর বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষ বরাবরে সাদাকাগজে তালিকাভুক্তির জন্য আবেদন দাখিলের তারিখ ঃ | ২২/০৩/২০২১ থেকে ১৫/০৪/২০২১ |
| ২. | অনলাইনে প্রাইভেট পরীক্ষার্থীদের তথ্য এন্ট্রি ঃ www.download.sylhetboard.gov.bd/automation | ২০/০৪/২০২১ থেকে ০৯/০৫/২০২১ |
| ৩. | প্রাইভেট পরীক্ষার্থীদের পূরণকৃত রেজিস্ট্রেশন ফরম, বিবরণী ফরম ০২(দুই) কপি, এস এস সি পরীক্ষা পাশের মূল নম্বরফর্দ এবং পরীক্ষার্থী তালিকাভুক্তি ফি সোনালী ব্যাংক এ সোনালী সেবার মাধ্যমে (অত্র শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে ) জমা দেয়ার তারিখ ঃ<br>উল্লেখ্য,এস এস সি পরীক্ষার মূল নম্বরফর্দগুলি তালিকার ক্রমানুযায়ী সাজিয়ে জমা দিতে হবে। | ২০/০৪/২০২১ থেকে ০৯/০৫/২০২১ |

(উল্লেখ্য, রেজিস্ট্রেশন ফরমেট বোর্ডের ওয়েবসাইটে দেয়া আছে ফরমেট প্রিন্ট করে নিতে হবে)

৭. পরীক্ষা কেন্দ্র ঃ সিলেট শিক্ষা বোর্ড হতে অনুমতিপ্রাপ্ত নিম্নোক্ত ০৪(চার) টি কলেজ কেন্দ্র হতে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীগণ এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ক) সিলেট সরকারী কলেজ, সিলেট।
খ) মৌলভীবাজার সরকারী কলেজ, মৌলভীবাজার।
গ) বৃন্দাবন সরকারী কলেজ, হবিগঞ্জ।
ঘ) সুনামগঞ্জ সরকারী কলেজ, সুনামগঞ্জ।

চলমান পাতা-০২

৮. অনুমতি ফরম অত্র শিক্ষা বোর্ডে জমা দেয়ার সময় নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে।

(ক) এস এস সি /সমমানের পরীক্ষার মূল নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

(খ) যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় বিশ্ববিদ্যালয় থেকে এস এস সি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরফর্দ/ একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

(গ) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯সালের পূর্বে মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

(ঘ) পাঠ বিরতির প্রত্যয়নপত্র ও চারিত্রিক সনদপত্র (গেজেটেড কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত)।

(ঙ) প্রার্থীর সাম্প্রতিককালে উঠানো ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগে প্রার্থীর নিজের নাম লিখতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ দ্বারা সত্যায়িত করে আইকা/ আঠা দ্বারা যথাস্থানে লাগিয়ে দিতে হবে।

(চ) শিক্ষক প্রার্থীর বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলার জেলা শিক্ষা অফিসার এর সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

(ছ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে এক বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসার এর সমপর্যায়ের কর্মকর্তার নিকট হতে সীলমোহরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

(জ) কোন শারীরিক কিংবা দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতিলেখক (স্ক্রাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীকে শ্রুতিলেখক নিযুক্ত করতে হবে।

৯. (ক) প্রত্যেক প্রাইভেট পরীক্ষার্থীকে নাম তালিকাভূক্তির জন্য ১০০/= টাকা সংশ্লিষ্ট কলেজে জমা দিয়ে আবেদন করতে হবে।

(খ) রেজিষ্ট্রেশনের সময় পরীক্ষার্থী প্রতি নিম্নোক্ত হারে ফি বোর্ডে জমা দিতে হবে।

i) রেজিষ্টেশন ফি প্রতি পরীক্ষার্থী -----------------------------২৫০/=

ii) রোভার স্কাউট/ রেঞ্জার্স ফি প্রতি পরীক্ষার্থী -------------------১৫/=

১০. প্রাইভেট পরীক্ষার্থীদেরকে পরীক্ষার পূর্বে নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত কলেজের মাধ্যমে রেজিষ্ট্রেশন করতে হবে। উক্ত রেজিষ্ট্রেশন শুধু ০১ (এক) বছরের জন্য বলবৎ হবে।

১১. প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহিত বিষয় সমূহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভুত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১২. কোন কারণ না দেখিয়ে যে কোন পরীক্ষার্থীর আবেদন বাতিল করার ক্ষমতা অত্র শিক্ষা বোর্ড সংরক্ষণ করে। সকল প্রাইভেট পরীক্ষার্থীকে বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী অবশ্যই মেনে চলতে হবে।

১৩. প্রাইভেট পরীক্ষার্থীরা যে কলেজের মাধ্যমে রেজিষ্ট্রেশন ও ফরম পূরণ করবে সে কলেজের জন্য নির্ধারিত কেন্দ্রেই তারা এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করবে। কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

**বিঃ দ্রঃ পরীক্ষা সংক্রান্ত ফি eff পুরণের বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২২/০৬/২০২০

(প্রফেসর মোঃ কবির আহমদ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

সিলেট।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

২. অধ্যক্ষ,.......................................................।

৩. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ড।

৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

৬. সংরক্ষণ নথি।